

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি  
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫  
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০৭৫.২১-২১০

তারিখ: ১১/০৪/২০২২ খ্রি:

**স্থানান্তর/নিয়োগ আদেশ**

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিতে নিম্নোক্ত আবেদনকারীদের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা হিসেবে ২৪,৭০০.০০ (চব্বিশ হাজার সাতশত) টাকা মাসিক সাকুল্য বেতনে (গ্রেড-১০) নিম্নোক্ত শর্তে স্থানান্তরপূর্বক চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো।

ক্র.নং	নাম	স্থায়ী ঠিকানা	যে প্রকল্প/কর্মসূচি হতে স্থানান্তর করা হয়েছে
১	গোবিন্দ কুমার শীল	পিতাঃ গোকুল কুমার শীল স্থায়ী ঠিকানাঃ গ্রাম-রাউতারা, ইউনিয়ন+ডাক-পোতাজিয়া (৫৪০০) উপজেলা- শাহজাদপুর, জেলা-সিরাজগঞ্জ	উদকনিক (২য় পর্যায়)
২	মো: কামরুজ্জামান	পিতাঃ মো: আব্দুল হকিম স্থায়ী ঠিকানাঃ কিশামত আলী, ওয়ার্ড-৯, পাওটানাহাট (৫৪৫০), পীরগাছা, রংপুর	উদকনিক (২য় পর্যায়)
৩	মোছা: দীপা আক্তার	পিতা/স্বামীঃ মো:ফয়াদুল হক স্থায়ী ঠিকানাঃ গ্রাম-জানবোচাগাড়ী, ইউনিয়ন-চন্ডীপুর, ডাক-পূর্ননগর (৫৭২০) উপজেলা-সুন্দরগঞ্জ, জেলা-গাইবান্ধা	উদকনিক (২য় পর্যায়)
৪	মো: আব্দুল মতিন	পিতাঃ মো: নাদের বক্স স্থায়ী ঠিকানাঃ তেকাটাপাড়া, ৮ নং বড়গাছী, দাওকান্দি (৬২৪০) উপজেলা: পবা, জেলা: রাজশাহী	অপ্রধান শস্য

**২। শর্তসমূহ :**

ক) জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী উন্নয়ন প্রকল্পের জনবলের জন্য গ্রেডভিত্তিক নির্ধারিত সাকুল্য বেতন-ভাতা সংক্রান্ত নির্দেশনা অনুযায়ী সাকুল্য বেতন-ভাতা প্রাপ্য হবেন।

খ) চাকুরী সংক্রান্ত যে প্রবিধানিক ব্যবস্থা রয়েছে তৎসম্পর্কীয় আচরণ বিধি এবং অন্যান্য বিধিসমূহ প্রযোজ্য হবে;

গ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে ০৭ দিনের নোটিশে কর্মসূচি হতে অব্যাহতি প্রদান করা যাবে। তবে এ ক্ষেত্রে কোন সরকারী পাওনা থাকলে তা পরিশোধ করতে হবে;

ঘ) কোন আর্থিক/দাণ্ডরিক অনিয়ম প্রমাণিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে সরাসরি অব্যাহতি প্রদানপূর্বক আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে;


ঙ) কর্মসূচিতে স্থানান্তরিত জনবলের দায়দেনার ক্ষেত্রে বৈধ অভিভাবক কর্তৃক ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পরিশোধের জামিননামা দাখিল করতে হবে;

চ) স্থানান্তরিত জনবলের কর্মসূচি বাস্তবায়নকারী বিআরডিবি এর উপর চাকুরী সংক্রান্ত বিষয়ে কোন দাবি থাকবে না;

ছ) কর্মসূচি চলাকালীন সময়ের জন্য এ স্থানান্তর আদেশের কার্যকারিতা বহাল থাকবে। কর্মসূচি সমাপ্ত হলে এ স্থানান্তর আদেশ স্বয়ংক্রিয়ভাবে সমাপ্ত হবে। এ জন্য পৃথক কোন অব্যাহতি/ছাড়াই আদেশ প্রদান করা হবে না;

জ) যে প্রকল্প/কর্মসূচি হতে স্থানান্তর করা হয়েছে সে প্রকল্প/কর্মসূচিতে চাকুরীকালীন প্রাপ্য গ্র্যাচুইটিসহ অন্য কোন তহবিল থাকলে তা ইরেসপো কর্মসূচিতে স্থানান্তরপূর্বক কর্মরত প্রকল্প/কর্মসূচির চাকুরীকালীন সময়ের গ্র্যাচুইটির দাবি নিষ্পত্তিযোগ্য হবে।

বা) এ স্থানান্তর আদেশে উপরিউল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য হলে সংযুক্ত অঙ্গীকারনামায় স্বাক্ষরপূর্বক আগামী ১১/০৫/২০২২ খ্রিঃ তারিখে সদর দপ্তরে যোগদান করতে হবে। উল্লিখিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ স্থানান্তর আদেশ বাতিল বলে গণ্য হবে।

  
সুপ্রিয় কুমার কুন্ডু  
মহাপরিচালক (হেড ১)

### অঙ্গীকারনামা

কর্মসূচিতে নিয়োগ আদেশ নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০৭৫.২১-২১০ তারিখঃ ১১/০৪/২০২২ খ্রিঃ তারিখে উল্লিখিত শর্তাবধানে আমি-----সম্মত হয়ে কর্মসূচিতে ----- পদে যোগদান করলাম।

স্বাক্ষর-----  
নাম:-----  
পদবী:-----  
কর্মস্থল: -----উপজেলা-----জেলা।

তারিখ: -----

স্বাক্ষী (নাম, পদবী ও কর্মস্থলসহ) :

১।

২।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০৭৫.২১-২১০


তারিখঃ ১১/০৪/২০২২ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. জনাব-----, স্থায়ী ঠিকানাঃ -----।
২. প্রকল্প/কর্মসূচি পরিচালক, প্রকল্প/কর্মসূচির নামঃ-----, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. অফিস নথি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. পরিচালক (প্রশাসন/সরেজমিন/পরিকল্পনা/অর্থ) মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
মোহাম্মদ রাহেদুল আলম  
কর্মসূচি পরিচালক